

নম্বর: ধবিম/হ:শা:/৪-৪৮/২০১৩-১০১৪

তারিখ:

৩১ জ্যৈষ্ঠ, ১৪২৯

১৪ জুন, ২০২২

বিষয়: কারণ দর্শানোর নোটিশ

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিবন্ধিত হজ এজেন্সি এস.এম. ফরহাদ এয়ার ট্রাভেলস (হজ লাইসেন্স নং-১১৩৩), ৫৭/১১ ওয়েস্ট রাজা বাজার, ঢাকা-১২১৫ এর স্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন; এবং

০২। যেহেতু আপনি হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ০৯ ধারায় বর্ণিত নিবন্ধনের শর্তসমূহ পালনে দৃঢ়ভাবে অঙ্গীকারবদ্ধ; এবং

০৩। যেহেতু সাফওয়ান ট্রাভেলস্ এন্ড টুরস্ (হজ লাইসেন্স নং-১১৪৮) এজেন্সির বিরুদ্ধে জনাব আ.ফ.ম. আহসান উদ্দিন টুটুল নিম্নরূপ অভিযোগ করেছেন:


“পবিত্র হজে নেয়ার জন্য নাজমা আক্তার মজুমদারের নিকট হতে সর্বমোট ৪,৮২,০০০/- (চার লক্ষ বিরাশি হাজার) টাকা গ্রহণ করে তার জায়গায় জনৈক ব্যক্তি এম হাবিবুর রহমানকে প্রতিস্থাপন করা হয়েছে” এবং

০৪। যেহেতু সাফওয়ান ট্রাভেলস্ এন্ড টুরস্ (হজ লাইসেন্স নং-১১৪৮) এর মালিক হজযাত্রীর নিকট হতে টাকা গ্রহণ করে আপনার এজেন্সিতে প্রাক-নিবন্ধন করেছেন এবং অভিযোগকারীকে হজে না নিয়ে তার জায়গায় জনৈক ব্যক্তি এম হাবিবুর রহমানকে প্রতিস্থাপন করা হয়েছে; এবং

০৫। যেহেতু আপনার এরূপ কার্যক্রম হজযাত্রীর সাথে প্রতারণার সামিল; যা হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর পরিপন্থী; এবং

০৬। যেহেতু আপনার এ ধরনের কার্যক্রমের কারণে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের কারণসমূহ বিদ্যমান;

০৭। সেহেতু আপনার কর্তৃক পরিচালিত এস.এম. ফরহাদ এয়ার ট্রাভেলস (হজ লাইসেন্স নং-১১৩৩) এর বিরুদ্ধে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ১৩ ধারা অনুযায়ী কেন প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ০৩ (তিন) দিনের মধ্যে এ মন্ত্রণালয়ে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


১৪.০৬.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব

ফোন: ৫৫১০১১১৮

e-mail: morahajsection@gmail.com

হাফেজ মাও: মো: ফরহাদ হোসাইন

স্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক

এস.এম. ফরহাদ এয়ার ট্রাভেলস (হজ লাইসেন্স নং-১১৩৩)


৫৭/১১ ওয়েস্ট রাজা বাজার, ঢাকা-১২১৫

নম্বর: ধবিম/হ:শা:/৪-৪৮/২০১৩-১০১৪

তারিখ: ১৪.০৬.২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (www.mora.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কারওয়ান বাজার, ঢাকা (www.hajj.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. জনাব আ.ফ.ম. আহসান উদ্দিন টুটুল, গ্রাম: চাদপুর, ডাকঘর: চাপাপুর, থানা: কোতয়ালী, জেলা: কুমিল্লা।
৮. অফিস কপি।


১৪.০৬.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব